# রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষ্যে সাহিত্য অকাদেমির আলোচনা সভা

মেহের সেখ - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী উপলক্ষে ৯মে শুক্রবার সাহিত্য অকাদেমির উদ্যোগে সাহিত্য অকাদেমির প্রধান কার্যালয় নিউ দিল্লীতে সাহিত্য মঞ্চ কার্যক্রমের অঙ্গ হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখায় প্রকৃতি এবং পরিবেশ বিষয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হয় । স্বাগত ভাষন দিয়ে উক্ত আলোচনা সভার সূচনা করেন সাহিত্য অকাদেমির সচিব ড. কে শ্রীনিবাস রাও । ড. রাও বলেন বিংশ শতাব্দীর মহান ব্যক্তিত্ব রূপে রবীন্দ্রনাথ তাঁর লেখায় ও ব্যক্তিগত জীবনে প্রকৃতি এবং পরিবেশের যে সম্বন্ধ অনুভব করেছিলেন আজকের দিনে দাঁড়িয়েও তা সমানভাবে প্রাসঙ্গিক। লেখিকা মালাশ্রী লাল বলেন রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রতিটি জন্মদিনে একটি করে কবিতা লিখতেন । তাঁর জীবনে প্রকৃতি এবং সঙ্গীতের খুবই প্রভাব ছিল । তাঁর এই প্রকৃতি প্রেমের কারনেই তিনি শান্তিনিকেতনে প্রকৃতির মধ্যে পড়াশোনা করতে এবং পড়াশোনা করানোতে সংকল্প করেছিলেন । রেবা সোম রবীন্দ্রনাথের বিভিন্ন গানে প্রকৃতির বিষয়ে বলতে গিয়ে বলেন রবীন্দ্রনাথের ২৮৩ টি গানে প্রকৃতির বর্ননা রয়েছে । সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাহিত্য অকাদেমির উপসচিব ড. দেবেন্দ্রকুমার দেবেশ ।